দৈনিক ইত্তেফাক

তারিখ ... OCT. 29.1999 ...
পৃষ্ঠা ১৬ কলাম ৩ ....

৫৮

# ঢাকা ভার্সিটি'র ১৩ ও ১৪ই অক্টোবরের পরীক্ষা পুনরায় গ্রহণের সিদ্ধান্ত

বাসস ॥ ছাত্র ধর্মঘটের দরুন যে সকল ছাত্র-ছাত্রী নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারে নাই তাহাদের পরীক্ষা পুনরায় গ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর একাডেমিক কাউন্সিলকে সুপারিশ করিবে। ছাত্রলীগ ব্যতিরেকে অন্যান্য ছাত্র সংগঠনের দুইদিনব্যাপী ধর্মঘটের কারণে বিপুলসংখ্যক ছাত্র-ছাত্রী গত ১৩ ও ১৪ই অক্টোবর তাহাদের বার্ষিক চূড়ান্ত পরীক্ষা দিতে পারে নাই। গতকাল বৃহস্পতিবার ভাইস চ্যান্সেলর প্রফেসর একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত পরিবেশ পরিষদের এক বৈঠকে পুনরায় পরীক্ষা অনুষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।